রূপগঞ্জে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ঝটিকা মিছিল



ছবি: সংগৃহীত

নিষিদ্ধ ঘোষিত নারায়ণগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতি পদপ্রার্থী শেখ ফরিদ ভূঁইয়া মাসুমের নির্দেশনায় আগামী ১০ই নভেম্বর ঐতিহাসিক শহীদ নূর হোসেন দিবসকে সামনে রেখে গণতন্ত্র পুনরুদ্ধার ও সকল কারাবন্দীদের মুক্তির দাবিতে রূপগঞ্জে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের এক বিশাল বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (৭ নভেম্বর) গাউছিয়া ও তারাবোর মধ্যবর্তী রবিন টেক্সটাইল এলাকার সামনে থেকে মিছিলটি শুরু হয়। এরপর মিছিলটি মহাসড়কের বিভিন্ন অংশ প্রদক্ষিণ করে।

মিছিলে নিষিদ্ধ ঘোষিত নারায়ণগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতি পদপ্রার্থী শেখ ফরিদ ভূঁইয়া মাসুমের নেতৃত্বে উপস্থিত ছিলেন নিষিদ্ধ ঘোষিত কয়েতপাড়া ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রিজভী এবং নিষিদ্ধ ঘোষিত তারাবো পৌরসভা ছাত্রলীগের সভাপতি পদপ্রার্থী আসিফ। এছাড়াও তারাবো পৌরসভা, কয়েতপাড়া ইউনিয়নসহ রূপগঞ্জ উপজেলার বিভিন্ন পর্যায়ের বিপুলসংখ্যক নেতাকর্মী এ কর্মসূচিতে অংশ নেন।

বিক্ষোভ মিছিলে সর্বস্তরের নেতাকর্মীরা "শেখ হাসিনা আসবে, বাংলাদেশ হাসবে" সহ গণতন্ত্র পুনরুদ্ধার ও রাজবন্দীদের মুক্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেন।

এ বিষয়ে নারায়ণগঞ্জ 'গ' সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম জানান, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওটি আমাদের নজরে এসেছে। ভিডিওতে থাকা ব্যক্তিদের শনাক্ত করে গ্রেপ্তারের জন্য অভিযান চালানো হচ্ছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।